সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

১. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?
■ এফ,ডব্লিউ টেলর ⓦ জেমস্ স্টুয়ার্ট
ⓖ হিনরি ফেয়ল ⓓ রবার্ট ওয়েন

২. কর্মীদের আন্তঃব্যক্তিক সম্পর্ক ও যোগাযোগ নির্দেশ করে—
ⓚ নিয়ন্ত্রণ ⓦ পরিকল্পনা
ⓖ নির্দেশনা ■ সংগঠন

৩. ব্যবস্থাপনার কোন নীতি অনুসারে সিদ্ধান্তগ্রহণে কর্মীর ভূমিকা হ্রাস পায়?
ⓚ নির্দেশনার ঐক্য ⓦ শৃঙ্খলা
ⓖ উদ্যোগ ■ কেন্দ্রীয়করণ

৪. আদর্শমান প্রতিষ্ঠা করা যেতে পারে—
i. কার্যসময়ের ভিত্তিতে
ii. খরচের ভিত্তিতে
iii. পণ্যের গুণাগুণের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓦ ii
ⓖ iii ■ i, ii ও iii

৫. প্রেষণা মূলত কোনটিকে প্রভাবিত করে?
ⓚ কর্মীর সাফল্যকে ■ কর্মীর মনকে
ⓖ কর্মীর কর্মকে ⓓ কর্মীর কার্য পরিবেশকে

৬. ইতিবাচক প্রেষণার ফলে বৃদ্ধি পায়-
i. উৎপাদনশীলতা ii. শ্রম ঘূর্ণায়মানতা
iii. মনোবল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ■ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৭. দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী নিচের কোনটি সঠিক?
ⓚ কার্যপরিবেশ হচ্ছে একটি প্রণোদনাদানকারী উপাদান
■ পদোন্নতি হচ্ছে একটি রক্ষণাবেক্ষণকারী উপাদান
ⓖ সুষ্ঠু কার্য পরিবেশ কর্মীকে প্রেষিত করতে পারে
ⓓ পদোন্নতির সুযোগ কর্মীকে প্রেষিত করতে পারে

৮. "X" তত্ত্বে মানুষকে কীভাবে উপস্থাপন করা হয়েছে?
ⓚ ইতিবাচক ■ নেতিবাচক
ⓖ উদ্যমী ⓓ সাহসী

৯. রহিম তার প্রতিষ্ঠানের প্রতিটি কাজ নিজে ঘুরে ঘুরে দেখেন। ফলে কেউ কাজে ফাঁকি দিতে পারে না এবং পরিকল্পনা অনুযায়ী সুন্দরভাবে লক্ষ অর্জিত হয়। তার এরূপ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে বলে—
■ ব্যক্তিগত পর্যবেক্ষণ ⓦ বার্ষিক নিরীক্ষা
ⓖ বাজেটীয় নিয়ন্ত্রণ ⓓ সংখ্যাত্মক বিশ্লেষণ

১০. অধীনস্তদের অক্ষমতা নির্দেশনার কোন কৌশলকে মারাত্মকভাবে অকার্যকর করতে পারে?
ⓚ স্বৈরতান্ত্রিক ⓦ পিতৃতান্ত্রিক
■ পরামর্শমূলক ⓖ লাগামহীন

নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও ঃ
নাবিল ফ্যাশন হাউজের প্রধান প্রতিষ্ঠানের সবাইকে নিজেদের মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপন করে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার পরামর্শ দেন।

১১. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন কাজটির প্রকাশ ঘটেছে?
ⓚ পরিকল্পনার ⓦ সংগঠনের
■ সমন্বয়ের ⓓ নিয়ন্ত্রণের

১২. নাবিল ফ্যাশন হাউজের সুষ্ঠু ব্যবস্থাপনা সম্ভব হতে পারে—
i. সমন্বয়ের প্রত্যক্ষ নীতির অনুসরণে
ii. গতিশীল সমন্বয়ের মাধ্যমে
iii. ব্যক্তিগত নৈপুণ্য প্রদর্শনে উৎসাহিত করে
নিচের কোনটি সঠিক?
■ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

১৩. প্রশাসনের হৃৎপিন্ড হলো—
ⓚ পরিকল্পনা ⓦ কর্মী সংস্থান
■ নির্দেশনা ⓓ প্রেষণা

১৪. পেশাগত জীবনে হেনরী ফেওল ছিলেন —
■ খনি প্রকৌশলী ⓦ যন্ত্র প্রকৌশলী
ⓖ স্থাপত্য প্রকৌশলী ⓓ নকশা প্রকৌশলী

১৫. "জোড়া মই শিকল" কোন বিষয়ের সাথে সম্পৃক্ত?
ⓚ নিয়মানুবর্তিতা ■ কর্তৃত্ব প্রবাহ
ⓖ কর্তৃত্ব অর্পণ ⓓ ভারসাম্য রক্ষা

১৬. পদোন্নতির জন্য পদ্ধতিগতভাবে সবচেয়ে সহজ—
■ জেষ্ঠ্যত্ব ⓦ যোগ্যতা
ⓖ মেধা ⓓ জেষ্ঠ্যত্ব ও যোগ্যতা

নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও ঃ
ডলফিন কোম্পানি লিঃ এর মানবসম্পদ বিভাগে ২০ জন কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেয়। এ লক্ষ্যে ২০০ আবেদনকারীর মধ্য থেকে ৫০ জন প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়। প্রক্রিয়া শেষে যোগ্য প্রার্থীদের প্রতিষ্ঠানে নিয়োগ দেওয়া হয়।

১৭. ডলফিন কোম্পানি কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেয় কখন?
ⓚ প্রয়োজন হলেই ■ বিভাগীয় রিকুইজেশন পেলে
ⓖ ইচ্ছে মতো ⓓ ম্যানেজারের সিদ্ধান্তে

১৮. ডলফিন কোম্পানি লিঃ এর কর্মী নির্বাচন প্রক্রিয়া শেষ হয় কোনটির মাধ্যমে?
ⓚ প্রশিক্ষণ ■ পদায়ন
ⓖ মৌখিক পরীক্ষা ⓓ বদলি

১৯. কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার সুবিধা হলো—
i. দক্ষতা বৃদ্ধি পায় ii. আগ্রহ বৃদ্ধি পায়
iii. শ্রম ঘূর্ণায়মানতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
■ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

২০. শূন্য পদের জন্য সম্ভাবনাময় প্রার্থী খুঁজে বের করাকে বলে-
ⓚ কর্মী সংস্থান ■ কর্মী সংগ্রহ
ⓖ কর্মী নির্বাচন ⓓ কর্মী নিয়োগ

২১. আর্থিক পরিকল্পনা কিসের ভিত্তিতে হয়?
ⓚ সংগঠন কাঠামো ■ মেয়াদ
ⓖ নীতি ⓓ পরিবেশ

২২. নিচের কোনজন আধুনিক যুগের ব্যবস্থাপনা বিশারদ?

teachingbd.com

■ পিটার ড্রাকার　　ⓑ হেনরি ফেয়ল
ⓖ রবার্ট ওয়েন　　ⓓ থমাস মুর

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মি: হারুন একটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তার প্রতিষ্ঠানে ব্যবস্থাপকের আদেশ বিনাবাক্যে পালন করতে হয়। আদেশ পালনের ক্ষেত্রে কোন গাফিলতি সহ্য করা হয় না।

২৩. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামো কোন ধরনের?
ⓚ কার্যভিত্তিক　　ⓑ সরলরৈখিক ও পদস্থ
■ সরলরৈখিক　　ⓓ মেট্রিক্স

২৪. উদ্দীপকে প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামোর মাধ্যমে—
i. নমনীয়তা বৃদ্ধি পায়　　ii. স্বেচ্ছাচারিতা হ্রাস পায়
iii. দ্বৈত আদেশ পরিহার করা যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　　■ i ও iii
ⓖ ii ও iii　　ⓓ i, ii ও iii

২৫. দায়িত্ব ও জবাবদিহিতা নির্ধারণকে কী বলে?
ⓚ পরিকল্পনা　　■ সংগঠন
ⓖ কর্মীসংস্থান　　ⓓ নিয়ন্ত্রণ

২৬. হার্জবার্গের প্রেষণা তত্ত্ব অনুযায়ী নিচের কোনটি সঠিক?
■ পদোন্নতি হচ্ছে রক্ষণাবেক্ষণকারী উপাদান
ⓑ সুষ্ঠু কার্য পরিবেশ কর্মীকে প্রেষিত করতে পারে
ⓖ কার্য পরিবেশ হচ্ছে প্রণোদনা দানকারী উপাদান
ⓓ পদোন্নতির সুযোগ কর্মীকে প্রেষিত করতে পারে

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
মিঃ হাসান একটি ফ্যাসান হাউজ গড়ে তুলেছেন। সেখানে ২০ জন শ্রমিক কাজ করে। কিন্তু কাজ নিয়ে প্রায়শই শ্রমিকদের মধ্যে ঝগড়াঝাটি হয়। তাই তিনি সবার কাজ নির্দিষ্ট করে দায়িত্ব ও কর্তব্য বুঝিয়ে দিলেন।

২৭. মিঃ হাসান ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছেন?
■ উচ্চ　　ⓑ মধ্য
ⓖ নিম্ন　　ⓓ সর্বস্তর

২৮. উদ্দীপকে মিঃ হাসান-এর করা কাজটি ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পৃক্ত?
ⓚ পরিকল্পনা　　■ সংগঠন
ⓖ কর্মী সংস্থান　　ⓓ নির্দেশনা

২৯. PERT এর পূর্ণ অভিব্যক্তি কি?
■ Program Evaluation and Review technique
ⓑ Program Existence Role and technique
ⓖ Program Evaluation and Result technique
ⓓ Preparation Evaluating and Remember technique

৩০. নিচের কোনটি একার্থক পরিকল্পনা?
ⓚ কৌশল　　ⓑ প্রক্রিয়া
ⓖ নীতি　　■ প্রকল্প

৩১. সংগঠন কাঠামো প্রণয়নে বিবেচ্য বিষয়—
i. নমনীয়তা　　ii. স্বেচ্ছাচারিতা
iii. সরলতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　　■ i ও iii
ⓖ ii ও iii　　ⓓ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাহাত তাজ কোম্পানির একজন বিক্রয় ব্যবস্থাপক, সাফি তত্ত্বাবধায়ক, মাহিন ফোরম্যান এবং ফারাবি একজন উৎপাদন শ্রমিক। বিক্রয় ব্যবস্থাপক সকলের সাথে আলোচনার মাধ্যমে বিক্রয় বৃদ্ধির জন্য করণীয় ঠিক করলেন এবং সে অনুযায়ী কাজ করার পরামর্শ দেন।

৩২. উদ্দীপকে উল্লিখিত নির্দেশনার ধরণ কী?
ⓚ স্বৈরাচারী　　ⓑ পিতৃসুলভ
■ পরামর্শমূলক　　ⓓ লাগামহীন

৩৩. উদ্দীপকের তাজ কোম্পানিতে আনুষ্ঠানিক নেতৃত্ব অনুযায়ী কে নেতা হবেন?
ⓚ মাহিন　　ⓑ ফারাবি
■ রাহাত　　ⓓ সাফিন

৩৪. ই-মেইলের জন্য আবশ্যকীয় হলো—
i. কম্পিউটার　　ii. ইন্টারনেট　　iii. প্রেরকের ঠিকানা
নিচের কোনটি সঠিক?
■ i ও ii　　ⓑ i ও iii
ⓖ ii ও iii　　ⓓ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :**
মি: আজাদ একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি জাপানের মি: শানজু এর সাথে তার পণ্য বিক্রয়ের জন্য যোগাযোগ করেন। কিন্তু শানজু তার এ যোগাযোগ এর প্রেক্ষিতে কোন ধরনের সাড়া প্রদান করেনি। ফলে তিনি বুঝতে পারছেন না মি: শানজু তার পণ্য কিনতে আগ্রহী কি না?

৩৫. উদ্দীপকে বর্ণিত জাপানের ব্যবসায়ী মি: শানজু-এর এরূপ সাড়া প্রদান না করায় যোগাযোগে কিসের অভাব রয়েছে?
ⓚ মাধ্যম　　■ ফলাবর্তন
ⓖ বার্তা　　ⓓ তথ্য

৩৬. উদ্দীপক অনুযায়ী যোগাযোগ কার্যাবলির বহি:ভূত-
i. অবহিত করা　　ii. পরিকল্পনা করা
iii. প্ররোচিত করা
নিচের কোনটি সঠিক?
■ i ও ii　　ⓑ i ও iii
ⓖ ii ও iii　　ⓓ i, ii ও iii

৩৭. সমন্বয় হলো—
ⓚ কর্মতৎপরতায় অনৈক্য আনয়ন
ⓑ কর্মতৎপরতা ঠিক করা
■ কর্মতৎপরতায় ঐক্য আনয়ন
ⓓ একক নৈপুণ্য নিশ্চিতকরণ

৩৮. চাহিদা সোপান তত্ত্বের সর্বশেষ চাহিদা কোনটি?
ⓚ সামাজিক　　ⓑ নিরাপত্তা
■ আত্মপ্রতিষ্ঠা　　ⓓ আত্মমর্যাদা

৩৯. "জব ফেয়ার" কর্মী সংগ্রহের কোন ধরনের উৎস?
i. অভ্যন্তরীণ　　ii. বাহ্যিক　　iii. অভ্যন্তরীণ ও বাহ্যিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i　　■ ii
ⓖ iii　　ⓓ i, ii ও iii

৪০. নিচের কোনটি ব্যবস্থাপনার সহায়ক কাজ?
ⓚ পরিকল্পনা　　■ বাজেট প্রণয়ন
ⓖ সমন্বয় সাধন　　ⓓ নিয়ন্ত্রণ

Teachingbd.com